রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।
www.rajuk.gov.bd

নং- রাজউক/প্রঃশাঃ/বিঃমাঃ/১২/২০১৯/ ৭৬০৭

তারিখ- ০৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

# অফিস আদেশ

যেহেতু, আবু নঈম মোহাম্মদ সেলিম, সিস্টেম এনালিস্ট (সাময়িক বরখাস্তকৃত), রাজউক সম্প্রসারিত উত্তরা ৩য় পর্ব আবাসিক প্রকল্প এলাকার ১৬/জে নং সেক্টরের ৪/এ নং রাস্তার ০৩ (তিন) কাঠা আয়তনের ০৪ নং প্লটের নথি এবং পূর্বাচল নতুন শহর প্রকল্প আবাসিক এলাকার ১৭ নং সেক্টরের ৩০১ নং রাস্তার ৭.৫ (সাড়ে সাত) কাঠা আয়তনের ১৮ নং প্লটের নথির MIS প্রতিবেদন সংশ্লিষ্ট নোটশীট পরিবর্তনের মাধ্যমে বরাদ্দ গ্রহীতার নামে একাধিক প্লট এন্ট্রি থাকার তথ্য গোপন করেন। তার এহেন কর্মকান্ড রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০১৩ এর বিধি ৩৭ (খ) ও (চ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও প্রতারণার সামিল;

২। যেহেতু, আবু নঈম মোহাম্মদ সেলিম, সিস্টেম এনালিস্ট (সাময়িক বরখাস্তকৃত), রাজউক এর উল্লিখিত কর্মকান্ডের জন্য রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০১৩ এর বিধি ৩৭ (খ) ও (চ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও প্রতারণার অভিযোগে তাকে অভিযুক্ত করে স্মারক নং- ২৫.৩৯.০০০০.০০৯.২৭.৭০(৭).১৯.৩১০৮, তারিখ- ০৫.১১.২০১৯খ্রি. এর মাধ্যমে সাময়িক বরখাস্ত করা হয় এবং স্মারক নং- ২৫.৩৯.০০০০.০০৯.২৭.৭০(৭). ১৯.৩১০৯, তারিখ- ০৫.১১.২০১৯খ্রি. এর মাধ্যমে অভিযোগনামা প্রেরণ করা হয়;

৩। যেহেতু, আবু নঈম মোহাম্মদ সেলিম, সিস্টেম এনালিস্ট (সাময়িক বরখাস্তকৃত) উক্ত অভিযোগনামার জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী গ্রহণে ইচ্ছাপোষণ করেন। শুনানী গ্রহনান্তে আনীত অভিযোগ সুষ্ঠুভাবে তদন্তের লক্ষ্যে জনাব মোঃ আজহারুল ইসলাম খান, প্রাক্তন সদস্য (পরিকল্পনা), রাজউক-কে স্মারক নং- রাজউক/প্রঃশাঃ/বিঃমাঃ/১২/২০১৯/৫৮, তারিখ- ০৭.০১.২০২০খ্রি. এর মাধ্যমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা বিভাগীয় মামলাটি তদন্ত করে প্রতিবেদন পেশ করেন;

৪। যেহেতু, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পর্যালোচনা করে তাঁর সুপারিশ অনুযায়ী আলোচ্য প্লটের নথির MIS প্রতিবেদন সম্বলিত বিতর্কিত নোটশীটের স্বাক্ষর যাচাইয়ের জন্য গত ২৮.০৬.২০২১খ্রি. তারিখের রাজউক/প্রঃশাঃ/১২/২০১৯-১৮২৪ স্মারকমূলে বিশেষ পুলিশ সুপার (ফরেনসিক), সি.আই.ডি, বাংলাদেশ পুলিশ বরাবর পত্র প্রেরণ করা হয়। বিশেষ পুলিশ সুপার (ফরেনসিক) এর নিকট হতে ২৮.১০.২০২১খ্রি. তারিখের ফরেনসিক ল্যাবরেটরী (ঢাকা)/ হস্তলিপি শাখা/HW-১-০৩৭৩-২০২১/৪৫২৪/২০২১ স্মারকমূলে প্রতিবেদন পাওয়া যায়। প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী, সম্প্রসারিত উত্তরা ৩য় পর্ব আবাসিক প্রকল্প এলাকার ১৬/জে নং সেক্টরের ৪/এ নং রাস্তার ০৩ (তিন) কাঠা আয়তনের ০৪নং প্লটের MIS প্রতিবেদন সম্বলিত বিতর্কিত নোটশীটে আবু নঈম মোহাম্মদ সেলিম, সিস্টেম এনালিস্ট (সাময়িক বরখাস্তকৃত) এর স্বাক্ষরের মিল পাওয়া যায়নি; তার বিরুদ্ধে অভিযোগের এ অংশ প্রমাণিত হয়নি। তবে পূর্বাচল নতুন শহর প্রকল্প আবাসিক এলাকার ১৭ নং সেক্টরের ৩০১ নং রাস্তার ৭.৫ (সাড়ে সাত) কাঠা আয়তনের ১৮ নং প্লটের নথির নোটশীট পরিবর্তন করে আবু নঈম মোহাম্মদ সেলিম, সিস্টেম এনালিস্ট (সাময়িক বরখাস্তকৃত) এর স্বাক্ষরের বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; তিনি এম আই এস এর তথ্য পরিবর্তনের সাথে সন্দেহাতীতভাবে জড়িত ছিলেন। তার বিরুদ্ধে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা – ২০১৩ এর বিধি ৩৭ (খ) ও (চ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও প্রতারণার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে, যা একই বিধিমালার বিধি ৩৮ (খ) অনুযায়ী গুরুদন্ড আরোপযোগ্য অপরাধ বিধায় আপনাকে গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তদানুযায়ী ২৮.০৬.২০২২খ্রি. তারিখের রাজউক/প্রঃশা:/বিঃমাঃ/১২/২০১৯/৩৩৬৮ স্মারকমূলে তাকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। তিনি উক্ত কারণ দর্শানোর জবাব দাখিল করেছেন, যা সন্তোষজনক নয়। তৎপ্রেক্ষিতে তাকে গুরুদন্ড প্রদানের যে প্রাথমিক সিদ্ধান্ত, তা চূড়ান্তভাবে প্রদানের জন্য বহাল রাখা হলো;

৫। সেহেতু, আবু নঈম মোহাম্মদ সেলিম, সিস্টেম এনালিস্ট (সাময়িক বরখাস্তকৃত), রাজউক এর বিরুদ্ধে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা – ২০১৩ এর বিধি ৩৭ (খ) ও (চ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও প্রতারণার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৩৮ (১) (খ) (অ) অনুযায়ী "নিম্ন পদে অর্থাৎ প্রোগ্রামার পদে অবনতকরণ" গুরুদন্ড প্রদান করা হলো। একইসাথে তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তিনি গ্রেড-৬ (টা.৩৫৫০০-৬৭০১০/-) ভুক্ত "প্রোগ্রামার" পদে ৬৭০১০/- টাকা মূলবেতন হিসেবে বেতন-ভাতাদি পাবেন এবং সাময়িক বরখাস্ত কালের কোনো বকেয়া ভাতা প্রাপ্য হবেন না।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২২.৯.২০২২

মোঃ আনিছুর রহমান মিঞা, পিএএ
চেয়ারম্যান
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

নং- রাজউক/প্রঃশাঃ/বিঃমাঃ/১২/২০১৯/ ৭৯০৭

তারিখ- ০৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সদস্য (সকল), রাজউক, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন/প্রকল্প ও ডিজাইন), রাজউক, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজউক, ঢাকা (রাজউকের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. পরিচালক (সকল), রাজউক, ঢাকা।
৭. নগর পরিকল্পনাবিদ (নগর পরিকল্পনা ও বাস্তবায়ন/পরিকল্পনা প্রণয়ন), রাজউক, ঢাকা।
৮. নগর স্থপতি, রাজউক, ঢাকা।
৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), রাজউক, ঢাকা।
১০. জনাব আবু নঈম মোহাম্মদ সেলিম, প্রোগ্রামার, রাজউক, ঢাকা।
১১. আইন কর্মকর্তা, রাজউক, ঢাকা।
১২. উপপরিচালক (সকল), রাজউক, ঢাকা।
১৩. নির্বাহী প্রকৌশলী (সকল), রাজউক, ঢাকা।
১৪. অথরাইজড অফিসার (সকল), রাজউক, ঢাকা।
১৫. লিয়াজোঁ অফিসার, রাজউক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬. ..............................................................................
১৭. নথিরক্ষণ কর্মকর্তা, রেকর্ডরুম, প্রশাসন শাখা, রাজউক, ঢাকা (ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ)।
১৮. অফিস কপি।

২২/৯/২০২২
পরিচালক (প্রশাসন)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

25/09/2022